

জগন্নাথ হল দুর্ঘটনা :

আজ শোক দিবস

(ইত্তেফাক রিপোর্ট)

জগন্নাথ হল দুর্ঘটনায় নিহতদের স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ (মঙ্গলবার) 'শোক দিবস' পালনের কর্মসূচী নিয়াছে।
(২য় পৃ: ৮-এর ক: স্র:)

৭৯

জগন্নাথ হল দুর্ঘটনা

(১ম পৃ: পর)

এ উপলক্ষে সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল ও গুরুত্বপূর্ণ ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা হইবে। সকাল সাড়ে ৬টায় অপরাহ্নেয় বাংলার পাদদেশ হইতে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের একটি শোক মিছিল বাহির হইবে। সকাল ৮টা হইতে ১১টা পর্যন্ত জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ, ও খ্রষ্টানদের পৃথক প্রার্থনা সভা, সাড়ে ১১টায় হল ছাত্র সংসদের ব্যবস্থাপনায় স্বেচ্ছায় রক্তদান, বাদ আছর কেন্দ্রীয় মসজিদে বিশেষ শোনাভ্যন্ত অনুষ্ঠিত হইবে। ইহা ছাড়া বিকাল ৪টায় হল প্রাঙ্গণে একটি স্মরণসভার আয়োজন করা হইরাছে। গণতান্ত্রিক ছাত্র ঐক্য সকাল ৮টায় অপরাহ্নেয় বাংলার পাদদেশ হইতে শোক মিছিল বাহির করিয়া অক্টোবর স্মৃতিসৌধে পুষ্পমালা অর্পণ করিবে। মহানগর সার্বজনীন পূজা কমিটি চাকেপুরী মন্দির পূজা মণ্ডপে এক প্রার্থনা সভার আয়োজন করিয়াছে।